

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী
www.prison.rajshahidiv.gov.bd

স্মারক নং-৫৮.০৪.৮১০০.০৬৩.০২.২৯.২৫.১০৬৩

তারিখ: ১৪ চৈত্র ১৪৩১
২৭ মার্চ ২০২৫

বিষয় : কারাগারসমূহের বিভিন্ন প্রকার খাদ্যদ্রব্যের ই-জিপি দরপত্র যথাসময়ে কারা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ;

- সূত্র : ১. কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০৩০.১২.০০১.২২-২৫৯(৯৯) তারিখ: ২৪.০৭.২০২২
২. কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০৩০.১৪.০০১.২৩-১১৯৭(৭৬) তারিখ: ২৬.০৭.২০২৩
৩. কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০৩০.১৪.০০১.২৪-১৬(৭৬) তারিখ: ০১.০১.২০২৫
৪. অত্র দপ্তরের স্মারক নং-৫৮.০৪.৮১০০.০৬৩.০৪.০১৮.২৫-১৩০(৮) তারিখ: ০৭.০১.২০২৫

সূত্রিত স্মারকসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারাগারসমূহের বিভিন্ন প্রকার খাদ্যদ্রব্যের ই-জিপি দরপত্র আহবান, উন্মুক্তকরণ, মূল্যায়ন, অনুমোদন, বিজয়ীকে অবহিতকরণ(NOA), চুক্তিসম্পাদন(Contract Signing), কার্যাদেশ প্রদান, পুনঃমূল্যায়ন/পুনঃদরপত্র হলে পুনঃমূল্যায়ন/পুনঃ দরপত্র সম্পাদনের সময়সহ দরপত্র কার্যক্রমের সার্বিক বিষয় বিবেচনা করে মেয়াদ শুরুর কমপক্ষে ০১(এক) মাস পূর্বে প্রয়োজনীয় কাগজপত্রসমূহ অনুমোদন গ্রহণের প্রস্তাব কারা অধিদপ্তরে প্রেরণের লক্ষ্যে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে।

নির্ধারিত মেয়াদের দরপত্রসমূহ মূল্যায়ন করত: অনুমোদনের নিমিত্ত যথাসময়ে প্রেরণ না করা দায়িত্ব অবহেলা, পিপিআর-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ বিধিমালা ২০১৫ লঙ্ঘনের শামিল বলে গণ্য হবে।

এমতাবস্থায় কারাগারসমূহের দরপত্র মেয়াদ শুরুর পূর্বে মূল্যায়ন ও অনুমোদনের নিমিত্ত সকল কার্যক্রম গ্রহণের জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

২৭.০৩.২০২৫

মোঃ কামাল হোসেন

বিজে নং-০১৭৭০৮০০৪০৩

কারা উপ মহাপরিদর্শক

রাজশাহী বিভাগ, রাজশাহী

digrajdiv@prison.gov.bd

১. সিনিয়র জেল সুপার, রাজশাহী কেন্দ্রীয় কারাগার;
২. সিনিয়র জেল সুপার (ডেপুটি কমান্ড্যান্ট), কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৩. জেল সুপার, চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/
জয়পুরহাট জেলা কারাগার।

সদয় জ্ঞাতার্থে :

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।